# আপনি কি ট্যাক্সি ও লিমুজিন কমিশনের (Taxi & Limousine Commission, TLC) ড্রাইভার?

## আপনার বিল দিতে কী সমস্যা হচ্ছে?

## মানসিক চাপ বোধ করছেন?

## আপনার কাছে বিকল্প রয়েছে। সিটি আপনাকে সহায়তা করতে পারে।

বিস্তারিত জানার জন্য উল্টোদিক দেখুন।

NYC | Financial Empowerment Center — Free One-on-One Financial Counseling | Thrive NYC | ActionNYC

# NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রে বিনামূল্যে আর্থিক পরামর্শ পান।

Financial Empowerment Center

অর্থ নিয়ে মানসিক চাপ হচ্ছে? আপনার ঋণের বোঝা আর টানতে পারছেন না বা পুনঃঅর্থায়নের উপায় চান? দেউলিয়া হয়ে গেছেন? কোনো পেশাদার আর্থিক পরামর্শদাতার সঙ্গে ব্যক্তিগতভাবে দেখা করুন এর জন্য:

- আপনার ক্রেডিট, ঋণ, বিল এবং অন্যান্য ঋণ পর্যালোচনা করা
- আপনার ব্যবসার খরচ কীভাবে পৃথক রাখা যায় তা বোঝা
- আপনার ক্রেডিট স্কোর উন্নত করা
- আপনার বিকল্পসমূহ বুঝতে আপনাকে সাহায্য করা এবং আর্থিক লক্ষ্যে পৌঁছাতে আপনাকে সহায়তা করা

আর্থিক পরামর্শ সিটির সর্বত্র বিভিন্ন জায়গায় বিনামূল্যে ও গোপনীয়ভাবে একাধিক ভাষায় উপলভ্য।

**আজই অ্যাপয়েন্টমেন্ট করুন:**

**311** নম্বরে ফোন করে "আর্থিক ক্ষমতায়ন কেন্দ্র (Financial Empowerment Center)" বলুন | **nyc.gov/dca** এ যান | **TalkMoney** লিখে **42033** এ টেক্সট পাঠান*
**মেসেজ এবং ডেটা চার্জ প্রযোজ্য হতে পারে। আপনার পরিষেবা প্রদানকারীর সঙ্গে কথা বলুন।*

*NYC আর্থিক ক্ষমতায়ন কেন্দ্রগুলো ঋণ প্রদান করে না বা পুনঃঅর্থায়নের জন্য অর্থ প্রদান করে না।*

---

# একা লড়বেন না। NYC Well মানসিক চাপ, অবসাদ এবং উদ্বেগের মতো সমস্যা শোনার ও সাহায্য করার জন্য রয়েছে।

Thrive NYC

NYC Well পরামর্শদাতারা দিন বা রাত্রি যে কোনও সময় সহায়তার জন্য রয়েছেন।
কলের জন্য অর্থ লাগে না ও গোপন রাখা হয় এবং 200 এরও বেশি ভাষায় সহায়তা উপলভ্য।

**আপনি নিজের বা আপনার প্রিয়জনদের জন্য যোগাযোগ করতে পারেন:**

**1-888-NYC WELL** এ ফোন করুন | **WELL** লিখে **65173** এ টেক্সট পাঠান | **nyc.gov/nycwell** এ চ্যাট করুন

---

# ActionNYC আপনার কমিউনিটিতে আপনার ভাষায় নিরাপদ, বিনামূল্যে অভিবাসন আইনি স্ক্রিনিং প্রদান করে।

ActionNYC

বিভিন্ন মামলার জন্য অভিজ্ঞতাসম্পন্ন কোনো আইনজীবী বা স্বীকৃত প্রতিনিধির থেকে বিনামূল্যে আইনি সাহায্য পান:

- নাগরিকত্ব
- গ্রীন কার্ড আবেদন ও নবীকরণ
- ডেফার্ড অ্যাকশন ফর চাইল্ডহুড অ্যারাইভাল (DACA)
- সাময়িক সুরক্ষিত স্থিতি (Temporary Protected Status, TPS) এবং আরও অনেক কিছু!

ActionNYC অবস্থানগুলি সিটির সর্বত্র নির্বাচিত কমিউনিটি-ভিত্তিক সংস্থা, স্কুল এবং স্বাস্থ্যসেবা কেন্দ্রে রয়েছে।

**আরো জানুন:**

**1-800-354-0365** নম্বরে ফোন করুন (সোমবার–শুক্রবার, সকাল 9টা– সন্ধ্যা 6টা) | **311** নম্বরে ফোন করে "ActionNYC" বলুন | **nyc.gov/actionnyc** এ যান

NYC | Taxi and Limousine Commission | Consumer Affairs | Health | Mayor's Office of Immigrant Affairs